পরিসংখ্যান বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

১২ জানুয়ারী, ২০২২
তারিখঃ------------------
২৮ পৌষ, ১৪২৮

পরিসংখ্যান বিভাগ সার্কুলার লেটার নং- ০১/২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান ।

প্রিয় মহোদয়,

NBFI-2 ও NBFI-3 সহ অন্যান্য বিবরণী দাখিল প্রসঙ্গে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এবং আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪ (জুন, ২০০৩ পর্যন্ত সংশোধিত)-এর ধারা ১২ মোতাবেক অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ পরিসংখ্যান বিভাগে ত্রৈমাসিক ভিত্তিতে NBFI-2 ও NBFI-3 বিবরণী দাখিল করে আসছে। দেশের আর্থিক পরিকল্পনার ক্ষেত্রে বিবরণীগুলো খুবই গুরুত্বপূর্ণ বিধায় তথ্য/উপাত্তগুলো নির্ভুল হওয়া অত্যাবশ্যক। দাখিলকৃত বিবরণীগুলোকে সঠিক ও ত্রুটিমুক্ত করার লক্ষ্যে অত্র বিভাগ কর্তৃক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে যা অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের জন্য অবশ্যই পরিপালনীয় ঃ

১. গ্রাহকের নতুন একাউন্ট খোলার সময় NBFI-2 ও NBFI-3 Reporting Form টি (সংযুক্ত) পূরণ করতে হবে যা Account Opening form এর সঙ্গে সংযুক্ত আকারে সংরক্ষণ করতে হবে।

২. প্রতি ত্রৈমাসিকের NBFI-2 (Deposits) ও NBFI-3 (Advances) বিবরণী (Summary Sheet সহ) পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট RIT মোতাবেক Web Portal এর মাধ্যমে Upload করতে হবে।

৩. ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে অথবা তাঁর অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত/দ্বিতীয় সর্বোচ্চ কর্মকর্তাসহ দুইজন কর্মকর্তার স্বাক্ষরে অত্র উপবিভাগে Forwarding Letter সহ Summary Sheet (Deposits & Advances) দাখিল করতে হবে।

৪. শাখা ও প্রধান কার্যালয়ে কর্মরত অভিজ্ঞ ও দক্ষ কর্মকর্তা দ্বারা Account Opening form পূরণ এবং উল্লিখিত বিবরণীসমূহ যথাসময়ে নির্ভুলভাবে দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫. প্রতি মাসের আমানত ও আগামের সুদ/মুনাফা হারের বিবরণী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট RIT মোতাবেক Web Portal এর মাধ্যমে Upload করতে হবে।

৬. বাংলাদেশ ব্যাংকে বিবরণী দাখিলের নিমিত্তে নতুন শাখার কার্যক্রম চালু হওয়ার ৭ কর্মদিবসের মধ্যে শাখা কোডের জন্য আবেদন করতে হবে।

৭. প্রয়োজনে Guidelines to Fill in the NBFI Returns-1, 2 & 3 (Second Edition) অত্র বিভাগ হতে সংগ্রহ করা যাবে।

৮. প্রতি বছর ৩১ ডিসেম্বর ভিত্তিক শাখাসমূহের তালিকা উক্ত Guidelines এর Annexure-A (Chapter: 9, Page: 97) অনুযায়ী জানুয়ারী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

৯. সরকারী এবং বেসরকারী NBFI-সমূহের ধরণ পরিবর্তন/রূপান্তরের ক্ষেত্রে যথার্থ Document-সহ পত্রের মাধ্যমে অবিলম্বে অবগত করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ তৌহিদুজ্জামান চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৬